

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd



নম্বর: ৫৮.০০.০০০০.০৭০.৩১.০০১.২১.১৫৪

তারিখ: ৯ আষাঢ় ১৪২৮

২৩ জুন ২০২১

পরিপত্র

বিষয়: এসিড আমদানির লাইসেন্স নবায়ন প্রক্রিয়া সহজীকরণ।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এসিড (আমদানি, উৎপাদন, মজুদ, পরিবহন, বিক্রয় ও ব্যবহার) নিয়ন্ত্রণ বিধিমালা, ২০০৪ এর বিধি ৭(১) এবং ২৬(২)(খ) প্রতিপালন সাপেক্ষে শুধু এসিড আমদানির লাইসেন্স নবায়নের ক্ষেত্রে পুনরায় বাণিজ্য মন্ত্রণালয়ের হালনাগাদ ছাড়পত্র দাখিলের পরিবর্তে মূল লাইসেন্স গ্রহণের পূর্বে বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এসিড আমদানির যে ছাড়পত্র দাখিল করা হয়েছিল বিধিমালা অনুযায়ী সেই ছাড়পত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করলেই হবে মর্মে স্পষ্টীকরণ করা হলো। তবে শর্ত থাকে যে, লাইসেন্স নবায়নের পর নবায়নকৃত অর্থবছরে এসিড আমদানির প্রয়োজন হলে আবশ্যিকভাবে বাণিজ্য মন্ত্রণালয় হতে এসিড আমদানির হালনাগাদ ছাড়পত্র গ্রহণ করতে হবে।

২। এসিড আমদানির লাইসেন্স নবায়ন প্রক্রিয়া সহজীকরণের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।

২৩-৬-২০২১

মুহাম্মদ আবদুল হাই মিলটন
উপসচিব

ফোন: ০২-৯৫৭৭২৬৯

ইমেইল: law2@ssd.gov.bd

বিতরণ:

- ১) যুগ্মসচিব, আইন ও শৃঙ্খলা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অভ্যন্তরীণ বাণিজ্য-১, বাণিজ্য মন্ত্রণালয়
- ৩) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)